



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড বরিশাল


স্মারক নং- বশিবো/কলেজ/অনু/২০১৯/১৪৩৩

তারিখ: ১৪.০৫.২০১৯খ্রি.

২০১৯-২০২০ শিক্ষাবর্ষে শিক্ষার্থী ভর্তি সংক্রান্ত সতর্কীকরণ বিজ্ঞপ্তি

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশাল-এর আওতাধীন সকল কলেজের অধ্যক্ষ মহোদয়ের অবগতির জন্য ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির সময় কিছু প্রতিষ্ঠান শিক্ষার্থীর অজ্ঞাতসারে তাদের ভর্তি কার্যক্রম সম্পন্ন করেছে। যা অনেক শিক্ষার্থীর শিক্ষা জীবন বিঘ্নিত করেছে। এ ধরনের অনভিপ্রেত ঘটনার জন্য কিছু শিক্ষা প্রতিষ্ঠানের ভর্তি অনুমতি বাতিল করা হয়েছিল। ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির সময় যদি কারো বিরুদ্ধে এ রকম অভিযোগ পাওয়া যায় তাহলে কোন রকম কারণ দর্শানো ব্যতিরেকেই ঐ প্রতিষ্ঠানের সকল রকমের পাঠদানের অনুমতি এবং অন্যান্য কার্যক্রম তাৎক্ষণিক বাতিল করা হবে।

- ০২। কোন শিক্ষার্থীর মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট ছাড়া যদি কোন শিক্ষা প্রতিষ্ঠান ভর্তি নিশ্চয়ন করে তাহলে ঐ শিক্ষা প্রতিষ্ঠানের বিরুদ্ধে সকল রকমের পাঠদানের অনুমতি এবং স্বীকৃতি কোন রকম কারণ দর্শানো ছাড়াই বাতিল করা হবে।
- ০৩। কোন উচ্চমাধ্যমিক বিদ্যালয় যদি কোন শিক্ষার্থীর মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট নির্ধারিত সময়ের মধ্যে ফেরত না দেয় অথবা জোরপূর্বক আটকিয়ে রাখে তাহলে তাদের সকল রকমের পাঠদানের অনুমতি এবং স্বীকৃতি কোন রকম কারণ দর্শানো ছাড়াই বাতিল করা হবে।
- ০৪। যে সমস্ত প্রতিষ্ঠানের পরিচালনা কমিটি, স্বীকৃতি/পাঠদান নবায়ন বা অন্য যে কোন দাপ্তরিক কার্যক্রম এখনো বাকী আছে- তাদের প্রতিষ্ঠানের ভর্তি কার্যক্রম বন্ধ থাকবে।
- ০৫। যে সমস্ত শিক্ষার্থী অন্য প্রতিষ্ঠানে ইতিপূর্বের শিক্ষাবর্ষে ভর্তি আছে- তাদের পূর্ব প্রতিষ্ঠানের ভর্তি বাতিল না করে কোন কলেজে ভর্তি করানো হলে ঐ সমস্ত শিক্ষা প্রতিষ্ঠানের সকল রকমের পাঠদানের অনুমতি এবং স্বীকৃতি কোন রকম কারণ দর্শানো ছাড়াই বাতিল করা হবে।
- ০৬। শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত ফি ব্যতিত অতিরিক্ত যে কোন ফি গ্রহণ করলে ঐ শিক্ষা প্রতিষ্ঠানের বিরুদ্ধে সকল রকমের পাঠদানের অনুমতি এবং স্বীকৃতি কোন রকম কারণ দর্শানো ছাড়াই বাতিল করা হবে।
- ০৭। কোন শিক্ষা প্রতিষ্ঠান যদি কোন শিক্ষার্থীর সম্মতি ছাড়া তার নিজের প্রতিষ্ঠানে ভর্তির জন্য আবেদন করে, তবে ঐ সকল শিক্ষার্থী তার এসএসসি'র মূল প্রবেশপত্র ও রেজি: কার্ডসহ কলেজ পরিদর্শক বরাবর যোগাযোগ করলে তাৎক্ষণিক ভাবে ঐ প্রতিষ্ঠান থেকে তার ভর্তি বাতিল করা হবে।
- ০৮। ১ম পর্যায়ে আবেদন গ্রহণ ১২.০৫.২০১৯ থেকে ২৩.০৫.২০১৯ পর্যন্ত
- ০৯। ১ম পর্যায়ে নির্বাচিত শিক্ষার্থীদের ফল প্রকাশ ১০.০৬.২০১৯ তারিখ
- ১০। ২য় পর্যায়ে আবেদন গ্রহণ ১৯.০৬.২০১৯ থেকে ২০.০৬.২০১৯ তারিখ
- ১১। ২য় পর্যায়ের আবেদনের ফল প্রকাশ ২১.০৬.২০১৯ তারিখ
- ১২। ৩য় পর্যায়ে আবেদন গ্রহণ ২৪.০৬.২০১৯ তারিখ
- ১৩। ৩য় পর্যায়ের আবেদনের ফল প্রকাশ ২৫.০৬.২০১৯ তারিখ
- ১৪। ভর্তি ২৭.০৬.২০১৯ থেকে ৩০.০৬.২০১৯ তারিখ পর্যন্ত
- ১৫। ক্লাস শুরু ০১ জুলাই ২০১৯


১৪.০৫.২০১৯

ড. মো: লিয়াকত হোসেন # ৯৫১১

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড

বরিশাল

অধ্যক্ষ

অত্র বোর্ডের আওতাধীন কলেজসমূহ

অনুলিপি:

- ২। সচিব, শিক্ষামন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৩। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ ঢাকা
- ৪। পরিচালক, ব্যানবেইস, পলাশী-নীলক্ষেত, ঢাকা
- ৫। সংরক্ষণ নথি